

ফতওয়া নং ২৮৬

প্রশ্ন:

সম্মানীয় মুফতি সাহেবের কাছে আমার একটি প্রশ্ন যে, জনৈক ব্যক্তির একটি জুতার দোকান আছে। ঐ জুতার দোকানদার কখনো কখনো 7 নং জুতার উপর 8 নং স্টিকার লাগিয়ে, অথবা 8 নং জুতার উপর 7 নং স্টিকার লাগিয়ে বিক্রি করে। এবং কখনো কখনো কাস্টমার যদি বলে যে আমার 7 নং জুতা ছোট হয়ে যাচ্ছে, আমাকে 8 নং দিন, আর যদি 8 নং জুতা দোকানে না থাকে তাহলে ঐ 7 নং জুতাকে কোন বড় পা ওয়ালা ব্যক্তির পায়ে জোর করে ঢুকিয়ে একটু টিলা করে কাস্টমারকে বলা হয় যে, এটার সাইজ একটু বড় আছে, পায়ে পরে দেখুন হয়ে যাবে। আমার প্রশ্ন এই ভাবে ব্যবসা করা কতটুকু শরিয়ত সম্মত ??? অনুগ্রহ করে দলিল সহকারে উত্তর দিয়ে বাধিত করবেন। 🙏

উত্তর:

এভাবে ভুল বোঝানো ও ক্রেতার সঙ্গে প্রতারণা করা জাইয নয়। সাইজ নম্বর ক্রেতাকে মিথ্যা বলা যাবে না। সাইজ বললে সঠিকটাই বলতে হবে।

একদা রসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) খাদ্য শস্যের একটি স্তুপের পাশ দিয়ে অতিক্রম করলেন। তিনি স্তুপের ভেতরে হাত ঢুকিয়ে দিলেন ফলে হাতের আঙুল গুলো ভিজে গেল। তিনি বললেন হে স্তুপের মালিক! এ কি ব্যাপার? লোকটি বলল, হে আল্লাহর রসূল! এতে বৃষ্টির পানি লেগেছে। তিনি বললেন, সেগুলো তুমি স্তুপের ওপরে রাখলে না কেন? তাহলে লোকেরা দেখে নিতে পারতো। জেনে রাখো, যে ব্যক্তি ধোঁকাবাজি করে, আমার সাথে তার কোন সম্পর্ক নেই।

(সহিহ মুসলিম, হাদিস নং ১৮৫)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

১৫ শাবান, ১৪৪৫ হিজরী (25/02/2024)